রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২৪, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(পৌর শাখা-৩)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২শে জানুয়ারী, ২০০১/৯ই মাঘ, ১৪০৭

এস, আর, ও, নং ১৭-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৬৬-আইন/২০০০, তারিখ ২৭ আগষ্ট, ২০০০ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলকাকে শহর এলকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule ৩ এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ১১ই মাঘ, ১৪০৭ বাংলা, ২৪শে জানুয়ারী, ২০০১ ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল, এই মিউনিসিপ্যালিটি পুঠিয়া মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।



মূল্য ঃ টাকা ১·০০

তফসিল

| ইউনিয়নের নাম | মৌজার নাম | জে. এল. নং | দাগ নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| পঠিয়া | কৃষ্ণপুর | ২৯ | ০১—১০৭৪ |
| | পুঠিয়া | ৩০ | ০১—৩৭৯ |
| | রামজীবনপুর | ৩১ | ০১—৫৩৯ |
| | বারইপাড়া | ৩২ | ০১—৭০০ |
| | পীরগাছা | ৩৩ | ০১—৩২১ |
| | কাঁঠালবাড়িয়া | ৩৪ | ০১—২২২৩ |
| | গন্ডোগোহালী | ৩৭ | ১৫০১—৩২৪৪, ২১৪—২৪২, ৪৭১, ৪৭১/১১৪৮ |
| | পালোপাড়া | ৪৩ | ২০০১—৩৩৯৯ |
| | গোপালহাটি | ৪৪ | ০১—১৭৪৭। |
| জিউপাড়া | কানাইপাড়া | ৩৫ | ৪৭১—৪৮৫, ৫১৮—৫২৩, ৫২৭—৮৬৩। |
| | ঝলমলিয়া | ১২৭ | ০১—৮৩, ৯৭—১২৫, ১৩১, ১৩৭—১৪৬, ৩৩৫, ৩৩৬, ৩৩৮—৩৫৫, ৩৫৭—৪৮৭, ৪৮৯—৮৫৭, ৮৫৯—৮৬১, ১৩৪৬—১৩৪৮, ১৩৫০, ১৩৫২—১৩৫৮, ১৩৭১, ১৩৭৪, ১৩৭৬, ১৩৮১, ১৩৮৩, ১৩৮৪, ১৩৮৯—১৩৯১, ১৩৯৩, ১৩৯৫—১৩৯৭। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ সাখাওয়াত হোসেন**
উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।